

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩৩২

উদয়পুর, ১ জুন, ২০২৪

সাংবাদিক সম্মেলনে গোমতী জেলা নির্বাচন আধিকারিক

গোমতী জেলায় ভোট গণনার কাজ সুষ্ঠুভাবে  
সম্পন্ন করার জন্য চূড়ান্ত প্রস্তুতি নেওয়া হয়েছে

গোমতী জেলায় আগামী ৪ জুন, ২০২৪ ১-ত্রিপুরা পশ্চিম সংসদীয় ক্ষেত্রের ৭টি বিধানসভা ক্ষেত্রে ভোট গণনা করা হবে। জেলার উদয়পুর মহকুমার উদয়পুর রামেশ ইংলিশ মিডিয়াম উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়, অমরপুর মহকুমার অমরপুর উচ্চতর মাধ্যমিক বিদ্যালয় এবং করবুক মহকুমার করবুক মহকুমা শাসকের কার্যালয়ে ভোট গণনা করা হবে। আজ গোমতী জেলার জেলাশাসক কার্যালয়ের কনফারেন্স হলে এক সাংবাদিক সম্মেলনে জেলাশাসক তড়িৎ কান্তি চাকমা একথা জানান। তিনি জানান, উদয়পুর রামেশ ইংলিশ মিডিয়াম উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে মহকুমার ৩০-বাগমা (এসটি), ৩১-রাধাকিশোরপুর, ৩২-মাতাবাড়ি ও ৩৩-কাকড়াবন-শালগড়া (এসসি) বিধানসভা ক্ষেত্রের ভোট গণনা হবে। অন্যদিকে অমরপুর উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে ৪১-অস্পিনগর (এসটি) এবং ৪২-অমরপুর বিধানসভা ক্ষেত্রের ভোট গণনা করা হবে। করবুক মহকুমা শাসকের কার্যালয়ে ৪৩- করবুক (এসটি) বিধানসভা ক্ষেত্রের ভোট গণনা হবে। তিনি জানান, ভোট গণনার কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য চূড়ান্ত প্রস্তুতি নেওয়া হয়েছে। সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন গোমতী জেলার এসপি নমিত পাঠক, অতিরিক্ত জেলাশাসক সুমিত লোধ, উদয়পুর মহকুমা শাসক জয়ন্ত ভট্টাচার্য সহ অন্যান্য আধিকারিকগণ।

\*\*\*\*\*